

💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১১১৩

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৪১. ইমামের খুতবা দেয়ার সময় কথা বলা নিষেধ।

باب الْكَلاَم وَالإِمَامُ يَخْطُبُ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ، وَأَبُو كَامِلٍ قَالاَ حَدَّثَنَا يَزِيدُ، عَنْ حَبِيبِ الْمُعَلِّمِ، عَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ، عَنْ أَبِيهِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " يَحْضُرُ الْجُمُعَةَ ثَلاَثَةُ نَوْرٍ رَجُلُّ حَضَرَهَا يَدْعُو فَهُو رَجُلُّ دَعَا اللَّهَ عَنَّ نَفَرٍ رَجُلُّ حَضَرَهَا يَدْعُو فَهُو رَجُلُّ دَعَا اللَّهَ عَنَّ وَجَلَّ إِنْ شَاءَ أَعْطَاهُ وَإِنْ شَاءَ مَنَعَهُ وَرَجُلُّ حَضَرَهَا بِإِنْصَاتٍ وَسُكُوتٍ وَلَمْ يَتَخَطَّ رَقَبَةَ مُسْلِمٍ وَلَمْ يُؤْذِ أَحْدًا فَهِي كَفَّارَةٌ إِلَى الْجُمُعَةِ الَّتِي تَلِيهَا وَزِيَادَةُ ثَلاَثَةِ أَيَّامٍ وَذَلِكَ بِأَنَّ اللَّهَ عَنَّ مَثَلَم وَرَجُلُ مَضَرَهَا بِإِنْصَاتٍ وَسُكُوتٍ وَلَمْ يَتَخَطَّ رَقَبَةً مُسُلِمٍ وَلَمْ يُؤْذِ أَحَدًا فَهِي كَفَّارَةٌ إِلَى الْجُمُعَةِ الَّتِي تَلِيهَا وَزِيَادَةُ ثَلاَثَةِ أَيَّامٍ وَذَلِكَ بِأَنَّ اللَّهُ عَثْرُ وَجَلَّ يَقُولُ (مَنْ جَاءَ بِالْحَسَنَةِ فَلَهُ عَشْرُ أَمْثَالِهَا) " .

বাংলা

১১১৩. মুসাদ্দাদ ও আবু কামেল (রাঃ) আব্দুল্লাহ ইবনে আমর থেকে বর্ণিত। নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন: মসজিদে তিন প্রকারের লোক হাযির হয়ে থাকে। একধরণের লোক মসজিদে উপস্থিত হয়ে এদিক-ওদিক ঘুরাফেরা করে এবং অনর্থক কথা বলে। আর একধরণের লোক মসজিদে হাযির হয়ে খুতবার সময় দোয়া ইত্যাদিতে মশগুল থাকে। আল্লাহ্ ইচ্ছা করলে এদের দোয়া কবুল করতেও পারেন আবার নাও করতে পারেন। আর এক ধরণের লোক মসজিদে হাযির হয়ে খুতবা পাঠের সময় নিশ্চুপ থাকে এবং অন্যের ঘাড়ের উপর দিয়ে চলাফেরা করেনা এবং অন্যকে কন্ত দেয় না। এই (তৃতীয় ধরণের) ব্যক্তির জন্য বিগত জুমা হতে এ পর্যন্ত এবং সামনের তিনদিনের জন্য এই নীরবতা কাফ্ফারা স্বরূপ হবে। তা এই জন্য যে, আল্লাহ তায়ালা বলেছেন: "যে ব্যক্তি একটি ভাল কাজ করবে সে এর বিনিময়ে দশগুণ সওয়াব পাবে"।

English

Narrated Abdullah ibn Amr ibn al-'As:

The Prophet (ﷺ) said: Three types of people attend Friday prayer; One is



present in a frivolous way and that is all he gets from it; another comes with a supplication, Allah may grant or refuse his request as He wishes; another is present silently and quietly with-out stepping over a Muslim or annoying anyone, and that is an atonement for his sins till the next Friday and three days more, the reason being that Allah, the Exalted, says: "He who does a good deed will have ten times as much" (vi.160).

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন